

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

অংশীজনের অংশগ্রহণ সভার কার্যবিবরণী (২০১৯-২০)

সভাপতিঃ ড. কামরুল আহসান
পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা), বার্ড

স্থানঃ ড. আব্দুল মুঈদ সম্মেলন কক্ষ
সময়ঃ দুপুর ১২ঃ০০
তারিখঃ ৩১/১২/২০১৯খ্রি.


উপস্থিত অংশীজন: ২৮ জন (উপস্থিতি সংযুক্ত)

আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ


একাডেমির ড. আব্দুল মুঈদ সম্মেলন কক্ষে বার্ড-এর শুদ্ধাচার কার্যক্রম আরও গতিশীল ও কার্যকরী করার উদ্দেশ্যে অংশীজনের অংশগ্রহণ সভার আয়োজন করা হয়। মহাপরিচালক মহোদয় দাপ্তরিক কাজে ঢাকায় অবস্থান করায় উল্লিখিত সভায় সভাপতিত্ব করেন নৈতিকতা কমিটির জ্যেষ্ঠতম সদস্য ড. কামরুল আহসান, পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা বিভাগ)। সভার প্রারম্ভে গত ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে উপস্থিত অংশীজনকে অবহিত করা হয়। পরবর্তীতে শুদ্ধাচার ফোকাল পার্সন জাতিয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রমের ২০১৯-২০ এর গৃহীত পরিকল্পনা ও বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করেন। সামগ্রিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত ও সুপারিশ সমূহ গ্রহণ করা হয়।

- ১। দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে বার্ড-এর কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে নৈতিকতা কমিটির গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষন করা হয়। প্রশিক্ষণ বিভাগ এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে।
- ২। বার্ড এর গবেষণা নীতিমালা প্রণয়নের একটি কমিটি গঠন করা হয়েছে। উল্লিখিত কমিটি দ্রুত এই কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করবে।
- ৩। ওয়েবসাইটে সেবাবন্ধ হালনাগাদকরণ অংশে উন্নয়ন যোগাযোগ শাখা কার্যকরভাবে দায়িত্ব পালন করছে। এক্ষেত্রে নৈতিকতা কমিটির ফোকাল পার্সন সময় সময়ে ওয়েবসাইটের হালনাগাদের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে সমন্বয় করবেন।
- ৪। প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার অংশে বার্ড-এর চলমান ভৌত অবকাঠামো প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে যথাযথ বাস্তবায়িত হবে প্রকল্প পরিচালক কর্তৃক সভার সকলকে অবহিত করেন।
- ৫। স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ অংশে শাখাসমূহ পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথ বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের অনুরোধ করা হয়।
- ৬। নৈতিকতা কমিটি সিদ্ধান্ত অনুসারে সংশ্লিষ্ট অংশীজনদের ই-ফাইলিং কার্যক্রম আরও ত্বরান্বিত করার বিষয়ে অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি সকল অংশীজনকে বার্ড-এর শুদ্ধাচার কৌশল- কর্ম পরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বশীল ও কার্যকরী ভূমিকা পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সোলাহ উদ্দিন ইবনে সাঈদ
যুগ্ম-পরিচালক (জনমিতি)

ও
ফোকাল পার্সন
নৈতিকতা কমিটি
বার্ড


৩১/১২/১৯
ড. কামরুল আহসান
পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)

বিতরণঃ

- ০১। অংশীজনগণ, বার্ড।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী – মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।
- ০৪। অফিস কপি।